Vol. 142 Issue 175

Chattagram Maa-O-Shishu Hospital

# Bulletin

April-June 2015

For Internal Circulation Only

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৪ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

গত ১৩/০৬/২০১৫ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৪ তম বার্ষিক সাধারণ সভা হাসপাতাল ক্যাম্পাসে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতেই বিগত ১ বছর কার্যকালে যেসকল বিশিষ্ট ব্যক্তিবর্গ, হাসপাতালের আজীবন সদস্য/সদস্যা মৃত্যু বরণ করেছেন তাঁদের জন্য শোক প্রস্তাব গৃহীত হয়। সভাতে তাদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৪তম বার্ষিক সাধারণ সভায় বক্তব্য রাখছেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব আলহাজ্ব নূর মোহাম্মদ, ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন ও ডা: এম মাহফুজুর রহমান, ট্রেজারার ডা. মো: আরিফুল আমিন, মেডিকেল কলেজ গভর্ণিং বডির ভাইস চেয়ারম্যান মো: রেজাউল করিম আজাদ ও কার্যনির্বাহী কমিটির সদস্য মিসেস রেখা আলম চৌধুরী।*

মোনাজাত করা হয়। বার্ষিক সাধারণ সভায় স্বাগত বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির সদস্য ও সাবেক প্যানেল মেয়র মিসেস রেখা আলম চৌধুরী । সভায় কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব নুর মোহম্মদ ২০১৪ সালের হাসপাতালের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করেন। বার্ষিক প্রতিবেদনে তিনি বিগত ১ বছর কার্যকালে হাসপাতালের সার্বিক কার্যক্রম বিশেষ করে উল্লেখিত সময়ের বিশেষ বিশেষ অর্জন সমূহ আজীবন সদস্য/সদস্যাগণের উদ্দেশ্যে তুলে ধরেন। তিনি সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে নতুন হাসপাতাল ভবন নির্মাণ কাজের অনেক অগ্রগতি হয়েছে যা আপনারা প্রত্যক্ষ করছেন। হাসপাতালের জন্য প্রায় সাড়ে তিন কোটি টাকা ব্যয়ে অত্যাধুনিক একটি সিটি স্ক্যান মেশিন ক্রয়ের জন্য কার্যাদেশ দেয়া হয়েছে। তিনি হাসপাতালের সার্বিক উন্নয়নমূলক কার্যক্রমের একটি তালিকা এবং ভবিষ্যৎ কর্ম পরিকল্পনা সভাতে তুলে ধরেন। বিশেষ করে নতুন হাসপাতাল ভবন নির্মাণ কাজে তিনি সকলের সহযোগীতা কামনা করেন। কার্যনির্বাহী কমিটির ট্রেজারার ডাঃ আরিফুল আমীন সভাতে হাসপাতালের ২০১৪ সালের নিরীক্ষা প্রতিবেদন ও ২০১৫ সালের বাজেট উপস্থাপন করেন। সভাতে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ২০১৪ সালের নীরিক্ষা প্রতিবেদন ও ২০১৫ সালের বাজেট উপস্থাপন করেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের গভর্ণিং বডির ভাইস চেয়ারম্যান কাম ট্রেজারার জনাব মোঃ রেজাউল করিম আজাদ। বিস্তারিত আলোচনা শেষে সভায় জেনারেল সেক্রেটারীর বার্ষিক প্রতিবেদন, ২০১৪ সালের হাসপাতাল ও মেডিকেল কলেজের আর্থিক প্রতিবেদন, নিরীক্ষিত হিসাব প্রতিবেদন ও ২০১৫ সালের প্রস্তাবিত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। আজীবন সদস্য/ সদস্যাগণের মধ্য থেকে জেনারেল সেক্রেটারীর বার্ষিক প্রতিবেদন ও অডিট রিপোর্ট এর উপর আলোচনায় অংশগ্রহণ করেন আজীবন সদস্য জনাব আমিনুল ইসলাম আমীন, জনাব হাকিম মাহমুদ উল্লাহ, চট্টগ্রাম প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক জনাব মহসিন চৌধুরী, জনাব শামসুল আলম, জনাব মাহমুদুর রহমান শাওন, রোটারিয়ান নুরুল কবির চৌধুরী, জনাব হাসান মুরাদ প্রমূখ। সভাতে ধন্যবাদ জ্ঞাপন করেন কার্যনির্বহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান। সভাতে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার মোঃ জাবেদ আবছার চৌধুরী, ডাঃ কামরুন নাহার দস্তগীর, জনাব মিসেস রেখা আলম চৌধুরী, জনাব মোঃ আনোয়ারুল ইসলাম , অধ্যক্ষ লায়ন ডঃ মোহাম্মদ সানাউল্লাহ, ডাঃ মোঃ পারভেজ ইকবাল শরীফ, আলহাজ্ব মোঃ হারুন ইউছুফ, আলহাজ্ব জাহিদুল হাসান, ডাঃ সাজ্জাদ মোহাম্মদ ইউছুপ, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ ও পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক প্রমূখ। সভাতে বিপুল সংখ্যক আজীবন সদস্য/সদস্যা অংশগ্রহণ করেন। সভাতে হাসপাতালের অর্থোপেডিক সার্জারী বিভাগের রেজিষ্ট্রার ডাঃ তাসলিম উদ্দীন চৌধুরীকে ২০১৪ সালের জন্য প্রেসিডেন্ট স্পেশাল এ্যাওয়ার্ড প্রদান করা হয়। এছাড়া হাসপাতালের বিভিন্ন বিভাগ থেকে নির্বাচিত কর্মকর্তা কর্মচারীগণকে বেষ্ট সার্ভিস এ্যাওয়ার্ড প্রদান করা হয়। কার্যনির্বহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম ৩৪তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হয়ে বার্ষিক সাধারণ সভাকে সফল করার জন্য সম্মানিত আজীবন সদস্য/সদস্যাগণকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি সভাকে অবহিত করেন যে, সম্মানিত আজীবন সদস্য/সদস্যাগণের সকল বক্তব্য ও সুপারিশ সমূহ লিপিবদ্ধ করা হয়েছে। অনেক গুরুত্বপূর্ণ প্রস্তাবনা এতে রয়েছে। কার্যনির্বহী কমিটির সভায় আলোচনা পূর্বক অগ্রাধিকার ভিত্তিতে এগুলি বাস্তবায়নের পদক্ষেপ নেয়া হবে। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন।

# President's Corner

It was a matter of great concern while the roads around the Hospital were inundated by heavy rainfall and high tide water, during the past few days. Water logging has disrupted the communication towards the hospital. We were deeply concerned and sympathise for the inconvenience caused to the patients, relatives students, doctors and hospital staff.

Construction work of the new 850 bedded hospital in front of the old Hospital building added to the communication problem.

Honourable city Mayor Alhajj A J M Nasir Uddin visited the Hospital twice since he was elected. He was taken quick and effective step to overcome this problem.

Road works to rebuild and raise the road above the water level have already started and we are expecting that the problem will soon be over.

My heartful thanks to the members of the EC specially Mr Rezaul Karim Azad (General Secretary in charge) and staffs of the hospital for their relentless effort to meet the problem.

Lastly Chattagram Maa O Shishu Hospital with its 650 patients capacity at the moment is expanding everyday. 50 bedded Childrens diarrhea ward is a new addition, ICU, CCU and Dialysis units are very busy with cost affordable treatement for all. CT Scan and MRI will soon be added.

We have recently engaged a full time Oncologist who has already started medical management of the cancer patient.

We would expect that this Hospital will continue to support the ailing humanities with how cost treatement for the poor people of the country.

**Professor M A Taher Khan**
President (In Charge)

## বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে সুলভ মূল্যে আইসিইউ সেবা

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে গুরুতর অসুস্থ রোগীদের জন্য সর্বাধুনিক মেডিকেল যন্ত্রপাতি সমৃদ্ধ এডাল্ট আইসিইউ (নিবিড় পরিচর্যা কেন্দ্র) চালু আছে। স্বল্প খরচে এই হাসপাতালে আইসিইউ সেবা প্রদান করা হচ্ছে।



আইসিইউ এ্যাম্বুলেন্স

নিম্নবর্ণিত বিশেষজ্ঞ চিকিৎসকগণ আইসিইউ ইউনিটে কনসালটেন্ট হিসেবে নিয়োজিত আছেন।

- ডাঃ ফারহানা মাহমুদ, এমবিবিএস, এমআরসিপি (ইউকে), এক্স কনসালটেন্ট, আইসিইউ, কিং ফাহাদ হসপিটাল, জেদ্দা, সৌদি আরব। আইসিইউতে ১৪ বছরের অভিজ্ঞতা সম্পন্ন।

হাসপাতালের এডাল্ট আইসিইউ ইউনিট আইসিইউতে বিশেষ ভাবে প্রশিক্ষণ প্রাপ্ত ডাক্তার, নার্স দ্বারা পরিচালিত হচ্ছে।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ৪র্থ ব্যাচের ইন্টার্নী চিকিৎসকদের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত


চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ৪র্থ ব্যাচের ইন্টার্ন চিকিৎসকদের সমাপনী অনুষ্ঠান হাসপাতাল ক্যাম্পাসে ১২/০৫/২০১৫ইং তারিখ কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নবনির্বাচিত মাননীয় মেয়র আলহাজ্ব আ.জ.ম নাছির উদ্দীন। নব নির্বাচিত সিটি মেয়র হাসপাতালে আসলে তাকে কার্যনির্বাহী কমিটির পক্ষ থেকে ফুল দিয়ে বরণ করে নেয়া হয়। এই উপলক্ষে আয়োজিত সভায় বক্তব্য রাখেন ২৭ নং ওয়ার্ডের নব নির্বাচিত কাউন্সিলর জনাব এইচ এম এম সোহেল, কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, জনাব এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান, কাযনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম, জয়েন্ট জেনারেল সেক্রেটারী আলহাজ্ব নুর মোহাম্মদ, ট্রেজারার ডাঃ আরিফুল আমিন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ভাইস চেয়ারম্যান/অনারারী ট্রেজারার জনাব মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ মোঃ ফয়সাল ইকবাল চৌধুরী, মিসেস রেখা আলম চৌধুরী, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ. এস এম মোস্তাক আহমেদ, ভাইস প্রিন্সিপাল ডাঃ অসীম কুমার বড়ুয়া, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, এনাটমি বিভাগের অধ্যাপক প্রফেসর ডাঃ মমতাজ বেগম, গাইনী বিভাগের সহযোগী অধ্যাপিকা ডাঃ তাহেরা বেগম, প্যাথলজী বিভাগের সহযোগী অধ্যাপক ডাঃ মোঃ বাবুল ওসমান প্রমূখ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার জাবেদ আবছার চৌধুরী, জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, অধ্যক্ষ লায়ন ডঃ মোহাম্মদ সানাউল্লাহ, আলহাজ্ব জাহিদুল হাসান, ডাঃ সাজ্জাদ মোহাম্মদ ইউছুপ, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া। প্রধান অতিথি নবনির্বাচিত সিটি মেয়র আলহাজ্ব আ.জ.ম নাছির উদ্দীন বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল চট্টগ্রাম মহানগরীসহ বৃহত্তর চট্টগ্রামের মানুষের স্বাস্থ্য সেবায় গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। এই হাসপাতাল আজ দেশের অন্যতম সেরা একটি বেসরকারী হাসপাতাল হিসেবে পরিচিতি লাভ করেছে। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উন্নয়নে সম্ভব তার নিজের পক্ষ থেকে ও সিটি কর্পোরেশনের পক্ষ থেকে সম্ভব সকল সহযোগীতার আশ্বাস প্রদান করেন। তিনি স্থানীয় সংসদ সদস্য জনাব এম এ লতিফ কে নিয়ে হাসপাতালের উন্নয়নে একটি বিশেষ পরিকল্পনা গ্রহণ করবেন মর্মে সভাকে অবহিত করেন। নতুন ইন্টার্নী ডাক্তারদের শুভেচ্ছা জানিয়ে তিনি তাদেরকে ভাল চিকিৎসক হওয়ার পাশাপাশি সমাজে একজন ভাল মানুষ হিসেবে নিজেকে গড়ে তোলার জন্য পরামর্শ দেন। অনুষ্ঠানে সিটি কর্পোরেশনের নব নির্বাচিত কাউন্সিলর জনাব এস এম হাবিবুল হক, জনাব এইচ এম সোহেল, জনাব হাসান মুরাদ বিপ্লব, জনাব মোঃ গিয়াস উদ্দীন, জনাব নাজমূল হক ডিউক ও জনাব মোঃ আবদুল কাদেরকে ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়। এর আগে মাননীয় প্রধান অতিথি হাসপাতালের বিভিন্ন বিভাগ সমূহ পরিদর্শন করেন। তিনি হাসপাতালের চিকিৎসা সেবা ও সার্বিক কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ. এস. এম ফজলুল করিম মাননীয় প্রধান অতিথিকে হাসপাতাল পরিদর্শনে আসায় আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। ইন্টার্নী সমাপনী অনুষ্ঠান উপলক্ষে দিনব্যাপি অনুষ্ঠান মালার মধ্যে ছিল জাতীয় পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য র‌্যালি ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে হাসপাতাল, মেডিকেল কলেজ, নার্সিং ইনষ্টিটিউটের শিক্ষক/শিক্ষিকা, ডাক্তার, কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন।




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের মেডিকেল কলেজের ৪র্থ ব্যাচের ইন্টার্ণী চিকিৎসকদের সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্য রাখছেন চট্টগ্রাম সিটিকর্পোরেশনের নবনির্বাচিত আ জ ম নাছির উদ্দীন।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে ভূমিকম্পের ঝুঁকি ও করণীয় বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে গত ২০/০৫/২০১৫ইং তারিখ চট্টগ্রাম অঞ্চলে ভূমিকম্পের ঝুঁকি ও করণীয় বিষয়ক এক কর্মশালা কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। কর্মশালায় মুখ্য আলোচক হিসেবে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সাউদার্ন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান ও বিশিষ্ট নগর পরিকল্পনাবিদ ইঞ্জিনিয়ার এম আলী আশরাফ। কর্মশালায় তিনি চট্টগ্রাম অঞ্চলের ভূমিকম্পের ঝুঁকি এবং ভূমিকম্প পরবর্তী সময় করণীয় বিষয়ে আলোচনা করেন। একই সাথে তিনি সম্প্রতি নেপালে হয়ে যাওয়া ভূমিকম্পের য়তি বিষয়ে আলোচনা করেন। তিনি চট্টগ্রাম অঞ্চলকে ভূমিকম্পের জন্য একটি ঝুঁকিপূর্ণ জোন হিসাবে উল্লেখ করেন। তিনি ভূমিকম্প বিষয়ে একটি জরিপের পরিসংখ্যান তুলে ধরে বলেন - এই অঞ্চলে রিখটার স্কেলে ৮.৫ মাত্রায় একটি ভূমিকম্প হলে এক লক্ষ পঞ্চাশ হাজার ভবন ক্ষতিগ্রস্ত হতে পারে। এছাড়া শহরের স্কুল, কলেজ ও হাসপাতাল ভবন সমূহের ব্যাপক ক্ষয়ক্ষতি হতে পারে। তিনি ভূমিকম্পকালীন সময় , ভূমিকম্প পূর্ববর্তী সময় ও ভূমিকম্প পরবর্তী সময় করণীয় বিষয়ে আলোকপাত করেন। এ ব্যাপরে জনসচেতনতা বৃদ্ধির উপর তিনি গুরুত্ব আরোপ করেন। এতে ভূমিকম্পে জানমালের ক্ষয়ক্ষতি কমে আসবে বলে তিনি মত প্রকাশ করেন। বিল্ডিং কোড মেনে ভবন নির্মাণ এবং ভবন নির্মাণের সময় প্রশস্ত রাস্তার বিষয়ে তিনি গুরুত্ব আরোপ করেন। এই ব্যাপারে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। অনুষ্ঠানে এই বিষয়ে আরো আলোচনায় অংশগ্রহণ করেন কানাডা প্রবাসী ভূমিকম্প বিশেষজ্ঞ মিসেস তারানা মেহজাবীন। কর্মশালায় প্রশ্নত্তোর পর্বে অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন ইঞ্জিনিয়ার এম আলী আশরাফ। কর্মশালায় কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফজুর রহমান, কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ কামরুন নাহার দস্তগীর, মিসেস রেখা আলম চৌধুরী, জনাব মোঃ আলহাজ্ব জাহিদুল হাসান, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমদ, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, হাসপাতাল ও মেডিকেল কলেজের শিক্ষক/শিক্ষিকা/ডাক্তার/ নার্স/ ছাত্র/ছাত্রী ও কর্মকর্তা/ কর্মচারীগণ অংশগ্রহণ করেন। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম ভূমিকম্প বিষয়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ ও তথ্যবহুল প্রেজেন্টেশনের জন্য ইঞ্জিনিয়ার এম আলী আশরাফকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি মিসেস তারানা মেহজাবীনকেও কর্মশালায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানান।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে ভূমিকম্পের ঝুঁকি ও করণীয় বিষয়ক কর্মশালায় মুখ্য আলোচক হিসাবে বক্তব্য রাখছেন সাউর্দান বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান বিশিষ্ট নগর পরিকল্পনাবিদ ও হাসপাতালের কার্যনির্বাহী কমিটির সদস্য প্রকৌশলী এম আলী আশরাফ।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ৪র্থ ব্যাচের ইন্টার্নী চিকিৎসক ডাঃ ইফফাত চৌধুরীকে গোল্ড মেডেল অ্যাওয়ার্ড প্রদান

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ৪র্থ ব্যাচের ইন্টার্নী চিকিৎসক ডাঃ ইফফাত চৌধুরীকে এস এন্ড এফ করিম ট্রাষ্টের পক্ষ থেকে গোল্ড মেডেল অ্যাওয়ার্ড ২০১৫ প্রদান করা হয়। গত ১২/০৫/২০১৫ইং তারিখ মেডিক্যাল কলেজের ৪র্থ ব্যাচের ইন্টার্নী ডাক্তারদের সমাপনী অনুষ্ঠানে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট ও এস এন্ড এফ করিম ট্রাষ্টের চেয়ারম্যান প্রফেসর এ এস এম ফজলুল করিম আনুষ্ঠানিক ভাবে ডাঃ ইফফাত চৌধুরীকে এই অ্যাওয়ার্ড প্রদান করেন। এছাড়া তাকে এজন্য একটি বিশেষ সার্টিফিকেটও প্রদান করা হয়। অত্র মেডিক্যাল কলেজে ভর্তির পর থেকে ইন্টার্নীশিপ সমাপ্তি পর্যন্ত সার্বিক কার্যক্রম বিবেচনা করে এতদসংক্রান্ত কমিটির সুপারিশ অনুযায়ী প্রতিবছর একজন ইন্টার্নী চিকিৎসককে এই অ্যাওয়ার্ড প্রদান করা হয়। ডাঃ ইফফাত চৌধুরী তাকে এই অ্যাওয়ার্ড এর জন্য মনোনীত করায় কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান ।




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ৪র্থ ব্যাচের ইন্টার্নী চিকিৎসক ডাঃ ইফফাত চৌধুরীকে এস এন্ড এফ করিম ট্রাষ্টের পক্ষ থেকে গোল্ড মেডেল অ্যাওয়ার্ড ২০১৫ প্রদান করছেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট ও ট্রাস্টের চেয়ারম্যান প্রফেসর এএসএম ফজলুল করিম।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর ৮৩ তম জন্মদিন পালিত

গত ৮/৬/২০১৫ইং চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এসএম ফজলুল করিম এর ৮৩ তম জন্মদিন পালন করা হয়। এ উপলক্ষে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিবারের পক্ষ থেকে শ্রদ্ধেয় প্রেসিডেন্ট স্যারকে ফুল দিয়ে জন্মদিনের শুভেচ্ছা জানানো হয়। কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, উপ-পরিচালক (ফিন্যান্স) জনাব ইফতেখারুল আমীন, উপ-পরিচালক (নার্সিং) ডাঃ লিয়াকত আলী ভুঁইয়া, উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃ মোশাররফ হোসেন, উপ-পরিচালক (ফিন্যান্স) জনাব মঞ্জুরুল আলম চৌধুরী, সহকারী পরিচালক (প্রশাসন) ডাঃ এ কে এম আশরাফুল করিম ও হাসপাতালের সর্বস্তরের ডাক্তার, নার্স, কর্মকর্তা, কর্মচারীগণ তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। অনুষ্ঠানে তার সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয়। প্রফেসর এ এস এম ফজলুল করিম তাকে জন্মদিনের শুভেচ্ছা জানানোর জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানান।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এসএম ফজলুল করিম এর ৮৩ তম জন্মদিন উপলক্ষে ভাইস প্রেসিডেন্ট সৈয়দ মোরশেদ হোসেন-এর নেতৃত্বে হাসপাতালের পরিবারের পক্ষ থেকে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে আন্তর্জাতিক নার্সেস দিবস পালিত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে আন্তর্জাতিক নার্সেস দিবস উপলক্ষে গতকাল ১৩/০৫/২০১৫ইং তারিখ এক আলোচনা সভা কার্যনির্বাহী কমিটির সদস্য ও হাসপাতালের নার্সিং সাব কমিটির সদস্য সচিব ডাঃ কামরুন নাহার দস্তগীর এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে নতুন ভর্তিকৃত নার্সদের শপথ বাক্য পাঠ করান হাসপাতালের সদ্য প্রাক্তন নার্সিং এডভাইজার মিসেস মালতী বড়ুয়া। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির সদস্য মিসেস রেখা আলম চৌধুরী, আলহাজ্ব জাহিদুল হাসান, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, উপ-পরিচালক (নার্সিং) ডাঃ মোঃ লিয়াকত আলী ভুইঁয়া, নার্সিং প্রিন্সিপাল মিসেস ঝিনু রানী দাশ, নাসিং সুপারিনটেনডেন্ট বিদ্যুৎ দেওয়ান ও নার্সিং ইনস্ট্রাকটর মিসেস মালতীময়ী বড়ুয়া প্রমূখ। অনুষ্ঠানে বক্তারা বলেন - নার্সিং একটি মহৎ পেশা। রোগীদের চিকিৎসা সেবায় নার্সদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ ডাক্তারগণ হাসপাতালে রোগীর কাছে বেশীক্ষণ থাকেন না। নার্সদেরকে বেশী সময় রোগীর কাছে থাকতে হয়। তারা নার্সদের কাছ থেকে ভাল ব্যবহার আশা করে। সভাতে ফোরেন্স নাইটিংগেল এর শপথ বাক্য অন্তরে ধারণ করা এবং সেই মহীয়সী নারীর আদর্শ অনুসরণ করে কাজ করার জন্য নার্সদেরকে আহবান জানানো হয়। সভাতে রোগীদের সাথে সুন্দর ব্যবহার ও ভাল ব্যবহার করার জন্য নার্সদেরকে অনুরোধ জানানো হয়। অনুষ্ঠানে নার্সিং ইনষ্টিটিউটের শিক্ষক/শিক্ষিকা, ছাত্র/ছাত্রী ও হাসপাতালে কর্মরত নার্সগণ অংশগ্রহণ করেন।



*আন্তর্জাতিক নার্সেস দিবস উপলক্ষে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে নার্সিং ইনস্টিটিউটের উদ্যোগে কেক কেটে অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।*

## ভারপ্রাপ্ত সিটি মেয়র জনাব মোহাম্মদ হোসেন এর চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন

ভারপ্রাপ্ত সিটি মেয়র জনাব মোহাম্মদ হোসেন গত ০৬/০৪/২০১৫ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। এ সময় তিনি হাসপাতালের কার্যনির্বাহী কমিটির কর্মকর্তাগণের সাথে এক সৌজন্য বৈঠকে মিলিত হন। এ সময় হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম, ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, ট্রেজারার ডাঃ মোঃ আরিফুল আমীন, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ জাহিদুল হাসান, জনাব এস এম কুতুব উদ্দিন, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, উপ-পরিচালক (ফিন্যান্স) জনাব মোঃ ইফতেখারুল আমিন, সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন ও ডাঃ এ কে এম আশরাফুল করিম উপস্থিত ছিলেন। ভারপ্রাপ্ত মেয়রকে হাসপাতালের পক্ষ থেকে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়। তিনি হাসপাতালের চলমান সমস্যা সমূহ যথাক্রমে হাসপাতাল এলাকায় সড়ক বাতি লাগানো, রাস্তা উচুকরণ, নিয়মিত ময়লা আবর্জনা অপসারণ ও ড্রেন সংস্কারের কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভাকে অবহিত করেন। এর পূর্বে তিনি হাসপাতালের বিভিন্ন বিভাগ সমূহ পরিদর্শন করেন। হাসপাতালের সার্বিক কার্যক্রম ও চিকিৎসা সেবার বিষয়ে তিনি খুবই সন্তোষ প্রকাশ করেন। তিনি হাসপাতালের উন্নয়নে তার নিজের পক্ষ থেকে এবং সিটি কর্পোরেশনের পক্ষ থেকে সম্ভব সকল ধরনের সহযোগিতার আশ্বাস প্রদান করেন।



*ভারপ্রাপ্ত সিটি মেয়র জনাব মোহাম্মদ হোসেনকে ক্রেস্ট দিয়ে সম্মান জানান কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে ব্রেষ্ট ফিডিং কর্নারের উদ্বোধন

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে ব্রেষ্ট ফিডিং কর্নার গত ২৬/০৪/২০১৫ ইং তারিখ আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করা হয়। চট্টগ্রাম চেম্বারের সম্মানিত পরিচালক ও নাহার এগ্রো লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব রাকিবুর রহমান টুটুল আনুষ্ঠানিকভাবে উক্ত ব্রেষ্ট ফিডিং কর্নার এর উদ্বোধন করেন। এ উপলক্ষে হাসপাতালের সেমিনার রুমে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান, কার্যনির্বাহী কমিটির সদস্য ও চমাশিহা মেডিকেল কলেজ গভর্ণিং বডির ভাইস চেয়ারম্যান জনাব মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরী আরজু প্রমুখ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন প্রধান অতিথি জনাব রাকিবুর রহমান এর সহধর্মিনী মিসেস ফরিদা আক্তার, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর ডাঃ এ এস এম মোস্তাক আহমেদ, ভাইস প্রিন্সিপাল ডাঃ অসীম কুমার বড়ুয়া, হাসপাতালের উপ-পরিচালক (ফিন্যান্স) জনাব মোঃ ইফতেখারুল আমিন, হাসপাতালের উপপরিচালক (নার্সিং) ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁঞা, সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন, ডাঃ এ কে এম আশরাফুল করিম, শিশু স্বাস্থ্য বিভাগের সহকারী অধ্যাপক ডাঃ শাহেদ ইকবাল প্রমুখ। অনুষ্ঠানে হাসপাতাল ও মেডিকেল কলেজের ডাক্তার, নার্স, কর্মকর্তা ও কর্মচারীগণ অংশ গ্রহণ করেন। প্রধান অতিথি জনাব রাকিবুর রহমান টুটুল বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল এই অঞ্চলের মানুষের স্বাস্থ্য সেবায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। হাসপাতাল কর্তৃপক্ষের অক্লান্ত প্রচেষ্টায় এই হাসপাতালটি আজ দেশের অন্যতম একটি সেরা হাসপাতাল হিসেবে পরিচিতি লাভ করেছে। একদিন এই হাসপাতাল একটি বিশ্বমানের হাসপাতাল হিসেবে প্রতিষ্ঠা লাভ করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি হাসপাতালের জন্য ৩ লক্ষ টাকা তার ব্যক্তিগত ফান্ড থেকে অনুদান প্রদানের প্রতিশ্রুতি প্রদান করেন এবং এই হাসপাতালের উন্নয়নে সম্ভব সকল সহযোগিতার আশ্বাস প্রদান করেন। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম প্রধান অতিথি ও তার সহধর্মিনীকে হাসপাতাল পরিদর্শনে আসার জন্য আন্তরিক ধন্যবাদ জানান। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন হাসপাতালের শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক ও ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর পরিচালক প্রফেসর ডাঃ মাহমুদ এ চৌধুরী আরজু।




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ব্রেষ্ট ফিডিং কর্নার এর আনুষ্ঠানিক উদ্বোধন করছেন চট্টগ্রাম চেম্বারের পরিচালক জনাব রাকিবুর রহমান টুটুল ও হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম।*

## সমাজ সেবা অধিদপ্তরের মহা-পরিচালক ও অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ সাইদুর রহমান এর চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সমাজ সেবা অধিদপ্তরের মহা-পরিচালক ও অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ সাইদুর রহমান গত ১১/০৪/২০১৫ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। পরিদর্শনকালে তার সহধর্মিনী মিসেস সেলিনা ইয়াসমিন ও সমাজ সেবা অধিদপ্তর চট্টগ্রাম এর উপ-পরিচালক মিসেস বন্দনা দাশ উপস্থিত ছিলেন। মাননীয় মহা-পরিচালক হাসপাতালের চিকিৎসা সেবা কার্যক্রম ও হাসপাতালের বিভিন্ন বিভাগ সমূহ পরিদর্শন করেন। পরিদর্শন শেষে তিনি হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম ও কার্যনির্বাহী কমিটির সদস্য ও কর্মকর্তাগণের সাথে এক সৌজন্য বৈঠকে মিলিত হন। তিনি হাসপাতালের চিকিৎসা সেবা ও সার্বিক কার্যক্রমে খুবই সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, বেসরকারী পর্যায়ে এই হাসপাতাল জনসাধারণের স্বাস্থ্য সেবায় খুবই গুরুত্বপূর্ণ অবদান রাখছে। তিনি নতুন হাসপাতাল ভবন নির্মাণ প্রকল্পও পরিদর্শন করেন এবং প্রকল্পের কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন। তিনি নতুন হাসপাতাল ভবন নির্মাণ প্রকল্পে অর্থ সংস্থান ও হাসপাতালের উন্নয়নে সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে সম্ভব সকল সহযোগিতার আশ্বাস প্রদান করেন। এ সময় হাসপাতালের পক্ষে উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, কার্যনির্বাহী কমিটির সদস্য অধ্যক্ষ লায়ন ডঃ মোহাম্মদ সানাউল্লাহ, জনাব এস এম কুতুব উদ্দিন, আলহাজ্ব জাহিদুল হাসান, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, উপ-পরিচালক (ফিন্যান্স) জনাব মোঃ ইফতেখারুল আমীন, উপ-পরিচালক (নার্সিং) ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁইয়া, সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন, সহকারী পরিচালক (ফিন্যান্স) জনাব মোঃ মনজুর"ল আলম চৌধুরী, সিনিয়র হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব আবুল মনসুর প্রমুখ।



*সমাজ সেবা অধিদপ্তরের মহা-পরিচালক ও অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ সাইদুর রহমানকে ক্রেষ্ট দিয়ে শুভেচ্ছা জানাচ্ছেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে শিশু-কিডনী বিভাগের বৈজ্ঞানিক সেমিনার অনুষ্ঠিত

গত ২৬/০৫/২০১৫ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের শিশু স্বাস্থ্য বিভাগের সেমিনার রুমে শিশু - কিডনী বিভাগের উদ্যেগ এক বৈজ্ঞানিক সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে দুইটি প্রবন্ধ উপস্থাপন করা হয়। প্রথমটিতে দেখানো হয়, ডায়রিয়াতে ঘন করে ওরাল স্যালাইন খাওয়ানোর ফলে রক্তে লবণ এর পরিমাণ বেড়ে যাওয়া মরণাপন্ন শিশুদের সর্বাধুনিক চিকিৎসা পেরিটনিয়াল ডায়ালাইসিস এর মাধ্যমে সুস্থ করা সম্পর্কে। এটি উপস্থাপন করেন উক্ত হাসপাতালের শিশু-কিডনী বিভাগের রেজিষ্ট্রার ডাঃ কামাল হোসেন জুয়েল। ২য় প্রবন্ধটি ছিল কিডনী বিকল হওয়া শিশুদের ডায়ালাইসিস পদ্ধতি। এটি উপস্থাপন করেন চট্টগ্রাম মেডিকেল কলেজের শিশু কিডনী বিভাগের সহকারী অধ্যাপক ডাঃ মারুফ উল কাদের। প্রথম বক্তা উনার বক্তেব্যে বলেন, শিশুদের ডায়রিয়া হলে কিছু অভিভাবক অসাবধানতাবশত অল্প পানিতে ঘন করে স্যালাইন বানিয়ে খাওয়ান। যার ফলে শিশুদের রক্তে লবণের পরিমান বেড়ে গিয়ে খিচুনী, অজ্ঞান হওয়া এবং কিডনী বিকলের মত অবস্থা হয়। এক সময় এই ধরণের রোগী বাঁচানো সম্ভব ছিল না চিকিৎসা পদ্ধতি না থাকার কারণে। বর্তমানে মা ও শিশু হাসপাতালের শিশু কিডনী বিভাগের পেরিটনিয়াল ডায়ালাইসিস পদ্ধতি চালুর ফলে বিগত ০৩ (তিন) বছর হতে এই ধরণের রোগীর চিকিৎসা দেওয়া সম্ভব হয়েছে। সেমিনারে দেখানো হয় ত্রিশ জন রোগীর উপর গবেষণার ফলাফল। যাতে দেখানো হয়, তিরাশি পারসেন্ট রোগী মরণাপন্ন অবস্থা হতে ভাল হয়ে গেছে। বাকি সতের পারসেন্ট রোগীকে উন্নত চিকিৎসা দেওয়া সত্বেও বাঁচানো যায় নি। তবে এতে সর্বাধিক গুরুত্ব দেওয়া হয় সঠিক ভাবে স্যালাইন বানানোর পদ্ধতি শিখানোর মাধ্যমে জনগনকে সচেতন করার উপর, অনুষ্ঠানে দ্বিতীয় বক্তা ডাঃ মারুফ উল কাদের কিডনী বিকল হওয়া শিশুদের চিকিৎসা পদ্ধতি সি,এ,পি,ডি তথা কনটিনিয়াস এমবোলেটরী পেরিটনিয়াল ডায়ালাইসিস সর্ম্পকে আলোকপাত করেন এবং কিভাবে এই পদ্ধতির মাধ্যমে একটি শিশুকে দীর্ঘ দিন বাঁচিয়ে রাখা যায় তা ব্যাখ্যা করেন, উক্ত সেমিনারে শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক ডাঃ বদরুদ্দোজার সভাপতিত্বে উপস্থিত ছিলেন প্রধান অতিথি হাসপাতাল কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর ডাঃ এ.এস.এম ফজলুল করিম, বিশেষ অতিথি অধ্যাপক ডাঃ ফরিদুল আলম, অধ্যাপক ডাঃ ঝুলন দাশ শর্মা, অধ্যাপক ডাঃ দিদারুল আলম, সহকারী অধ্যাপক ডাঃ শাহেদ ইকবাল ও কিডনী বিশেষজ্ঞ সহযোগী অধ্যাপক ডাঃ আবুল কাশেম। প্রত্যেক বক্তা হাসপাতালের শিশু কিডনী বিভাগের কার্যক্রম সম্পর্কে ভূয়সি প্রশংসা করেন এবং স্যালাইন বানানোর প্রযুক্তি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য সরকারের সংশ্লিষ্ট বিভাগ ডাক্তার এবং সাধারন জনগণকে এগিয়ে আসার আহবান জানান। এতে আরো উপস্থিত ছিলেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, কার্যনির্বাহী কমিটির সদস্য ও চমাশিহা মেডিকেল কলেজ গভর্ণিং বডির ভাইস চেয়ারম্যান জনাব মোঃ রেজাউল করিম আজাদ, চমাশিহা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ প্রফেসর এ এস এম মুশতাক আহমেদ, নিওনেটলজী বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ওয়াজির আহমেদ প্রমুখ। হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোশাররফ হোসেন, সহকারী পরিচালক (প্রশাসন) জনাব ডাঃ এ.কে.এম আশরাফুল করিম। সম্পূর্ন অনুষ্ঠানটি সঞ্চালনা করেন শিশু স্বাস্থ্য বিভাগের রেজিষ্ট্রার ডাঃ ওয়াহিদা আক্তার ও ডাঃ ফাহিম হাসান রেজা।




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে শিশু-কিডনী বিভাগ কর্তৃক আয়োজিত বৈজ্ঞানিক সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখছেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম।*

## ইপসা প্রতিনিধি দলের মা ও শিশু হাসপাতাল পরিদর্শন

ইপসার একটি প্রতিনিধি দল গত ০৫/০৫/১৫ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন এনজেন্ডার হেলথ বাংলাদেশ এশিয়া প্রোগ্রামার পোর্টফোলিও স্পেশালিষ্ট মিস হ্যালি কর্ণার, ডা: মৃদুলা বন্দোপাধ্যায় টেকনিক্যাল ডাইরেক্টর এনজেন্ডার হেলথ বাংলাদেশ, মি: শহিদ হোসাইন বিসিসি এডভাইজার এনজেনডার হেলথ বাংলাদেশ ও ইপসার প্রোগ্রাম ম্যানেজার মোহাম্মদ শহিদুল ইসলাম। প্রতিনিধিদল হাসপাতালের বিভিন্ন বিভাগ সমূহ বিশেষ করে পরিবার পরিকল্পনা ও গাইনী অবস বিভাগ পরিদর্শন করেন। তারা হাসপাতালের চিকিৎসা সেবা ও সার্বিক কার্যক্রমে সন্তুষ্টি প্রকাশ করেন। এরপর প্রতিনিধি দল হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সাথে এক সৌজন্য বৈঠকে মিলিত হন। এই সময় হাসপাতালের পক্ষে উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট এস এম মোরশেদ হোসেন, পরিচালক (প্রশাসন) ডা: মো: নুরুল হক, উপ-পরিচালক প্রশাসন জনাব মো: মোশাররফ হোসাইন প্রমুখ। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম প্রতিনিধিদলকে হাসপাতাল পরিদর্শনের জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।



*ইপসার একটি প্রতিনিধি দল হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম এর সাথে তার কার্যালয়ে সাক্ষাৎ করছেন।*

## পিএইচপি গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক জনাব আকতার পারভেজ চৌধুরীর চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন

পিএইচপি গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক জনাব আকতার পারভেজ চৌধুরী গত ০৩/০৬/২০১৫ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। তিনি হাসপাতালের চিকিৎসা সেবা কার্যক্রম ও বিভিন্ন বিভাগ সমূহ পরিদর্শন করেন এবং হাসপাতালের কার্যনির্বাহী কমিটির কর্মকর্তাগণের সাথে এক সৌজন্য বৈঠকে মিলিত হন। এ সময় হাসপাতালের পক্ষে কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ রেজাউল করিম আজাদ, আলহাজ্ব জাহিদুল হাসান, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, উপ-পরিচালক (ফিন্যান্স) জনাব মোঃ ইফতেখারুল আমীন ও উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃ মোশাররফ হোসাইন উপস্থিত ছিলেন। জনাব আকতার পারভেজ চৌধুরী হাসপাতালের চিকিৎসা সেবা ও সার্বিক কার্যক্রমের খুবই প্রশংসা করেন। তিনি বলেন, বেসরকারী খাতে চিকিৎসা সেবায় চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। একদিন মা ও শিশু হাসপাতাল বাংলাদেশের অন্যতম সেরা একটি হাসপাতাল হিসেবে পরিণত হবে। তিনি এ হাসপাতালের উন্নয়নে পিএইচপি গ্রুপের পক্ষ থেকে সম্ভব সকল সহযোগীতার আশ্বাস প্রদান করেন এবং ইতিপূর্বে পিএইচপি গ্রুপের পক্ষ থেকে প্রতিশ্রুত লিফটটি যত তাড়াতাড়ি সম্ভব প্রদানের আশ্বাস প্রদান করেন। জনাব আকতার পারভেজ চৌধুরীকে কার্যনির্বাহী কমিটির পক্ষ থেকে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শনে আসার জন্য আন্তরিক ধন্যবাদ জানানো হয়।



*পিএইচপি গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক জনাব আকতার পারভেজ চৌধুরীকে ফুল দিয়ে শুভেচ্ছা জানাচ্ছেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এসএম মোরশেদ হোসেন, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মো: রেজাউল করিম আজাদ ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।*

## চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালের নার্সিং এডভাইজার মিসেস মালতী বড়ুয়ার বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠিত

চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালের নার্সিং এডভাইজার মিসেস মালতী বড়ুয়ার চাকুরী থেকে অবসর গ্রহণ উপলক্ষে এক বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান গত ০৬/০৫/২০১৫ ইং তারিখ হাসপাতালের লেকচার গ্যালারীতে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম, ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নুরুল হক, নার্সিং প্রিন্সিপাল মিসেস ঝিনু রানী দাশ, নার্সিং সুপারিনটেনডেন্ট বিদ্যুৎ দেওয়ান, নার্সিং ছাত্র/ছাত্রীদের মধ্য থেকে সিনিয়র ষ্টাফ নার্স আবিদা সুলতানা। অনুষ্ঠানে মানপত্র পাঠ করেন নার্সিং সুপারভাইজার রুমানা বড়ুয়া। অনুষ্ঠানে বক্তারা বলেন, মিসেস মালতী বড়ুয়া চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল নার্সিং ইনষ্টিটিউট প্রতিষ্ঠায় এবং এর উন্নয়নে সারা জীবন কাজ করে গেছেন। সরকারী চাকুরী থেকে অবসর গ্রহণের পর গত প্রায় দুই যুগ ধরে তিনি এই প্রতিষ্ঠানের সাথে কাজ করেছেন। এই প্রতিষ্ঠানের সাথে রয়েছে তার আত্মার সম্পর্ক। এখানকার নার্সিং ইনষ্টিটিউটের অগনিত ছাত্র/ছাত্রী তার সন্তান তুল্য। যাদেরকে তিনি তিলে তিলে সেবার মহান আদর্শ নিয়ে গড়ে তুলেছেন। মৃত্যুর পরও তিনি তার মরদেহ এই হাসপাতালের জন্য দান করে গেছেন। তিনি আমাদের জন্য মাদার তেরেসা বা ফোরেন্স নাইটিংগেল। তার আদর্শ অনুকরন করার জন্য হাসপাতালের সকল নার্স ও নার্সিং ছাত্র/ছাত্রীদের অনুরোধ করা হয়। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ কামরুন নাহার দস্তগীর, উপ-পরিচালক (নার্সিং) ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁইয়া, উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন, সহকারী পরিচালক (প্রশাসন) ডাঃ এ কে এম আশরাফুল করিম, হাসপাতাল ও মেডিকেল কলেজের অধ্যাপকবৃন্দ, শিক্ষক/শিক্ষিকা, ডাক্তার, নার্স, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।



*হাসপাতালের নার্সিং এডভাইজার মিসেস মালতী বড়ুয়াকে ক্রেষ্ট দিচ্ছেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম।*

## ফ্রান্সের একটি স্বেচ্ছাসেবী সংগঠন Merieux Foundation এর একটি প্রতিনিধি দলের চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন

ফ্রান্সের একটি স্বেচ্ছাসেবী সংগঠন Merieux Foundation এর একটি প্রতিনিধি দল গত ০৯/০৪/২০১৫ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন Merieux Foundation এর চেয়ারম্যান Alain Merieux এবং তার সহধর্মীনি, ডাইরেক্টর জেনারেল Benoit Miribel ও সাইন্টেফিক ডাইরেক্টর Pr. Hubert Endtz. প্রতিনিধি দলকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন। প্রতিনিধি দল হসপাতালের বিশেষায়িত শিশু বিকাশ কেন্দ্র, নিওনেটাল বিভাগ, ল্যাবরেটরী মেডিসিন বিভাগ, আইসিইউ, সিসিইউ সহ বিভিন্ন বিভাগ সমূহ পরিদর্শন করেন। তারা হাসপাতালের সার্বিক কার্যক্রম ও চিকিৎসা সেবার বিষয়ে খুবই সন্তোষ প্রকাশ করেন। এরপর প্রতিনিধি দল হাসপাতালের কার্যনির্বাহী কমিটি ও ফ্যাকাল্টি মেম্বারদের সাথে এক সৌজন্য বৈঠকে মিলিত হন। হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম প্রতিনিধি দলকে হাসপাতালের সার্বিক কার্যক্রম সম্পর্কে মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে অবহিত করেন। তিনি প্রতিনিধি দলকে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শনে আসার জন্য আন্তরিক ধন্যবাদ জানান। প্রতিনিধি দল হাসপাতালের সার্বিক কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন এবং অত্র হাসপাতালের সাথে যৌথ ভাবে কাজ করার আগ্রহ প্রকাশ করেন। অনষ্ঠানে কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ রেজাউল করিম আজাদ, আলহাজ্ব জাহিদুল হাসান, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, ভারপ্রাপ্ত প্রিন্সিপাল ডাঃ অসীম কুমার বড়ুয়া, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, আইসিএইচ এর পরিচালক প্রফেসর মাহমুদ আহমেদ চৌধুরী সহ হাসপাতাল ও মেডিকেল কলেজের সিনিয়র অধ্যাপকবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, Merieux Foundation ইতিপূর্বে হাসপাতালের প্যাথলজি বিভাগের যন্ত্রপাতি ক্রয়ের জন্য ৪০ হাজার ইউরো অনুদান প্রদান করেছেন।



Merieux Foundation এর চেয়ারম্যান Alain Merieux *কে ফুল দিয়ে শুভেচ্ছা জানান কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম ও ভাইস প্রেসিডেন্ট সৈয়দ মোরশেদ হোসেন।*

## বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে রোটারী ক্লাব অব চিটাগং ও চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে কলকালকলী উচ্চ বিদ্যালয়ে এক সভা অনুষ্ঠিত

বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে রোটারী ক্লাব অব চিটাগাং ও চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্রের যৌথ উদ্যোগে কলকালকলী উচ্চ বিদ্যালয়ে অভিভাবক ও শিক্ষক/শিক্ষিকাদের নিয়ে এক সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়। সভাতে সভাপতিত্ব করেন কলকাকলী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ রফিকুল আলম। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রোটারী ক্লাব অব চিটাগাং এর প্রেসিডেন্ট রোটারিয়ান এস এম আবু তৈয়ব। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রোটারী ক্লাব অব চিটাগাং এর সাবেক প্রেসিডেন্ট ও চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরী আরজু। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ রেজাউল করিম আজাদ। অনুষ্ঠানে অটিজম সচেতনার উপর একটি মাল্টিমিডিয়া প্রেজেন্টেশন উপস্থাপন করেন হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্রের সিনিয়র ক্লিনিক্যাল সাইকোলজিষ্ট ফারহানা আহমেদ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন হাসপাতালের সহকারী পরিচালক (প্রশাসন) ও রোটারী ক্লাব অব সাগরিকার সেক্রেটারী জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন, রোটারী ক্লাব অব চিটাগাং এর প্রেসিডেন্ট ইলেক্ট রোটারিয়ান সাব্বির চৌধুরী ও সেক্রেটারী রোটারিয়ান মোঃ মুসলিম। অনুষ্ঠানে অটিজমের বিষয়ে অভিভাবক ও শিক্ষক/শিক্ষিকাদের অটিজমের সচেতনার উপর গুরুত্বারোপ করা হয়। অনুষ্ঠানে বক্তারা অটিষ্টিক শিশুদের সমাজের জন্য বোঝা মনে না করে তাদের পরিচর্যার উপর গুরুত্বারোপ করেন। সঠিক পরিচর্যা পেলে অটিষ্টিক শিশুরাও স্বাভাবিক শিশুদের মত বেড়ে উঠতে পারে এবং সমাজে বেড়ে উঠতে পারে। সভাতে অটিষ্টিক শিশু সহ প্রতিবন্ধি শিশুদের স্বাভাবিকভাবে বেড়ে উঠার জন্য সরকারী ও বেসরকারী উদ্যোক্তাগণকে এগিয়ে আসার জন্য আহবান জানানো হয়। সভাকে অবহিত করা হয় যে, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্রে অটিষ্টিক শিশু সহ প্রতিবন্ধি শিশুদের সমন্বিত চিকিৎসা সেবার ব্যবস্থা রয়েছে। চট্টগ্রামে এ প্রতিষ্ঠানেই প্রতিবন্ধি শিশুদের সর্বোচ্চ সুযোগ সুবিধা সহ চিকিৎসা সেবার ব্যবস্থা রয়েছে। কলকাকলী উচ্চ বিদ্যালয়ের পক্ষ থেকে প্রধান শিক্ষক এ ধরনের একটি মহতী অনুষ্ঠান আয়োজনের জন্য চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল ও রোটারী ক্লাব অব চিটাগাং কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানান।

## CHATTAGRAM MAA-SHISHU O GENERAL HOSPITAL

Agrabad, Chittagong.

Hospital Activities for the Month **April-June'15**

| **Out Patient Dept. :** | **Jan'15** | **Feb'15** | **Mar'15** |
|---|---|---|---|
| Paediatric Medicine | 4820 | 5033 | 4698 |
| Adult Patient (Medicine) | 1863 | 2346 | 2602 |
| **Consultancy Service** | | | |
| Paediatric Medicine | 674 | 766 | 641 |
| Adult Medicine | 446 | 567 | 494 |
| Obs. & Gynae | 1930 | 2068 | 1989 |
| Surgical (Paediatric) | 598 | 817 | 606 |
| Surgical (General) | 690 | 763 | 683 |
| Mini O.T. | 1532 | 1899 | 1547 |
| ENT | 773 | 962 | 843 |
| Orthopaedics | 1065 | 1281 | 759 |
| Skin Diseases | 714 | 703 | 688 |
| Eye | 545 | 624 | 462 |
| Dental Cases | 404 | 436 | 402 |
| ORT | 120 | 60 | 70 |
| Psychology | 21 | 132 | 111 |
| Neurology | 230 | 295 | 257 |
| Asthma Clinic | 164 | 21 | 27 |
| Family Planning | 297 | 329 | 149 |
| Psychiatry | 148 | 236 | 124 |
| Dots Corner | 227 | 550 | 440 |
| Spech Therapy | 262 | 289 | 235 |
| Physiotherapy | 578 | 893 | 423 |
| L.M.C | 99 | 78 | 60 |
| Referred Cases | 115 | 299 | 204 |
| E.P.I | 1100 | 1240 | 1120 |
| Gastroenterology Unit | 67 | 56 | 50 |
| EEG | 250 | 345 | 280 |
| RNDA | 210 | 220 | 186 |
| GDA | 120 | 103 | 10 |
| Low Vision | 130 | 115 | 109 |
| MTW | 02 | 01 | 96 |
| Sitting Fitting | 10 | 05 | 18 |
| ETT | 05 | 05 | 02 |
| **In-Patient Dept. :** | | | |
| Paediatric (Admission) | 3490 | 3852 | 3461 |
| Maternity (Admission) | 562 | 581 | 582 |
| Neonatal (Admission) | 227 | 232 | 238 |
| Medicine (Admission) | 576 | 671 | 673 |
| Adult CCU (Admission) | 22 | 22 | 21 |
| Paediatric Surgery (Admission) | 179 | 138 | 173 |
| Paediatric Surgery (Operation) | 77 | 119 | 77 |
| Operation Obs. & Gynae | 291 | 295 | 278 |
| General Surgery (Admission) | 151 | 221 | 73 |
| General Surgery (Operation) | 29 | 34 | 31 |
| Orthopadic Surgery (Admission) | 67 | 107 | 75 |
| Orthopadic Surgery (Operation) | 30 | 61 | 44 |
| E.N.T. (Admission) | 35 | 21 | 29 |
| E.N.T. (Operation) | 11 | 17 | 14 |
| Eye (Admission) | 02 | 01 | 02 |
| Eye (Operation) | - | 06 | 07 |
| Thalassamia (Admission) | 37 | 41 | 32 |
| Cabin (Admission) | 406 | 222 | 394 |
| Pathology | 6354 | 7526 | 6571 |
| Radiology | 2141 | 2798 | 2472 |
| Ultrasanography | 933 | 1130 | 1053 |
| E.C.G | 315 | 208 | 280 |
| Kidney Dialysis | 243 | 240 | 223 |
| Echocardiogram | 347 | 280 | 149 |
| Paediatric CCU (Admission) | 39 | 24 | 13 |
| Adult ICU (Admission) | 12 | 14 | 16 |
| Adult HDU (Admission) | 06 | 09 | 06 |
| Paediatric HDU (Admission) | 66 | 39 | 28 |
| Urology (Admission) | 17 | 21 | 25 |
| Urology (Operation) | 11 | 01 | 14 |
| Emergency | 4544 | 4788 | 3378 |
| Total Deth | 46 | 65 | 60 |

## *DONORS OF -April,May & June 2015*

| | April | May | June |
|---|---|---|---|
| **Materials:-** | | | |
| Mr.Ashraf Sadat (Wheel Chair,Sucker Machine Nebulizer Machine &OT Consumable) | 15310 | – | – |
| Alhaj Zahidul Hassan.(wall Moving Fan) | 3300 | – | – |
| Probity Trade International (Gauze Than) | 360 | – | – |
| Rotary Club Of Chittagong (Baby food &OT Consumable) | 7250 | 12840 | – |
| Dr.Sabrina Akther Onia.(OT Consumable) | – | 70 | – |
| Alhaj Sheikh Mohammed Jahangir.(Old Cloth) | – | 2320 | – |
| Razia Sultana ( OT Consumable) | – | – | 420 |
| Square Pharmaceuticals Ltd .(Water Filter) | – | – | 8000 |
| Mohammed Irfan(Digital Wal Clock) | – | – | 1250 |
| **Total:** | 26220 | 15230 | 9670 |
| **Medicin ;-** | | | |
| General Pharmaceuticals Ltd | 1800 | – | – |
| Prof,Dr. Mahmud A. Chy.( Arzu) | 855 | 289 | – |
| Mr. Khayes Ahmed Bhuyan | 1568 | – | – |
| Dr.Sabrina Akther Onia. | – | 6943 | – |
| Incepta Pharmaceuticals Ltd | – | 1060 | – |
| Opso Saline Ltd | – | 1845 | – |
| Razia Sultana | – | – | 533 |
| Dr.Mohammed Salim Reza | – | – | 4038 |
| **Total :** | 4223 | 10137 | 4571 |
| **Cash:** | | | |
| CMOSH Medical Collage (For C.T.Scan Machine) | – | 394000 | – |
| Primer Cement Ltd | – | 500000 | – |
| GOB Grant. | – | – | 10000000 |
| Estern Bank Ltd | – | – | 200000 |
| Baizid Steel Industry Ltd | – | – | 651000 |
| C M P Donation. | 30000 | 30000 | 30000 |
| **Tatal:** | 30000 | 924000 | 10881000 |
| **Donation of The Month:** | 60443 | 949367 | 10895241 |
| **Engr.L.K.Siddiqi Memorial.P. P. B. Fund.** | | | |
| Chattagram Maa,Shishu-O-General Hospital. | 263267 | 247556 | 276353 |
| Received From M.R Card. | 18000 | 27000 | 17000 |
| All Employee of CMOSH (For Khichury Fund) | – | – | 59176 |
| Matron & All Nursing Staff (CMOSH). | 600 | 600 | – |
| **Tatal:** | 281867 | 275156 | 352529 |
| **Zakat Received:** | 300000 | 0 | 759500 |

*চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালে নিম্নবর্ণিত চিকিৎসা সেবা সমূহ বিদ্যমান ঃ*

### বহির্বিভাগ

১. মেডিসিন
২. শিশু স্বাস্থ্য
৩. নিওনেটলজি
৪. শিশু নিউরোলজি
৫. জেনারেল সার্জারী
৬. অর্থোপেডিক সার্জারী
৭. শিশু সার্জারী
৮. ইউরোলজি
৯. অবস এন্ড গাইনী
১০. নাক-কান-গলা
১১. চক্ষু
১২. চর্ম ও যৌন রোগ
১৩. মানসিক রোগ
১৪. দন্ত
১৫. ফিজিক্যাল মেডিসিন
১৬. পরিবার পরিকল্পনা
১৭. ডটস কর্নার (যক্ষা রোগীদের বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ প্রদান)
১৮. ইপিআই
১৯. বিশেষজ্ঞ চিকিৎসকগণের কনসালটেন্সি সার্ভিস
২০. ২৪ ঘন্টা ইমার্জেন্সি সার্ভিস।

### বিশেষায়িত সেবা

১. হেমোডায়ালাইসিস ইউনিট (কিডনী রোগীদের ডায়ালাইসিস সেবা)
২. এডাল্ট আইসিইউ ও সিসিইউ সার্ভিস
৩. পেডিয়েট্রিকস আইসিইউ ও নিউনেটাল আইসিইউ সার্ভিস,
৪. ল্যাপারোস্কোপিক সার্জারী
৫. ইউরোলজি সার্জারী
৬. পেডিয়েট্রিকস ল্যাপারোস্কোপিক
৭. প্লাষ্টিক সার্জারী সহ শিশু সার্জারী বিভাগের সকল জটিল অপারেশন
৮. শারীরিক ও মানসিক প্রতিবন্ধি শিশুদের চিকিৎসা সেবার জন্য শিশু বিকাশ কেন্দ্র
৯. এ্যাজমা সেন্টার
১০. ডায়াবেটিক ও হাইপারটেনশন ক্লিনিক
১১. সাব-স্পেশালিটি ক্লিনিক ইত্যাদি।
১২. পেরিটোনিয়াল ডায়ালাইসিস সার্ভিস
১৩. ক্লাব ফুট সার্ভিস ১৪। থ্যালাসেমিয়া ইউনিট

### ব্লাড ব্যাংক

১. ২৪ ঘন্টা বাড ট্রান্সফিউশন সার্ভিস
২. থ্যালাসেমিয়া রোগীদের সার্বক্ষনিক রক্ত দেয়ার ব্যবস্থা।

### আন্তঃ বিভাগ

১. মেডিসিন
২. শিশু স্বাস্থ্য
৩. নিউনেটলজি
৪. শিশু নিউরোলজি
৫. জেনারেল সার্জারী
৬. অর্থোপেডিক সার্জারী
৭. শিশু সার্জারী
৮. ইউরোলজি
৯. নেফ্রোলোজি
১০. অবস এন্ড গাইনী
১১. নাক-কান-গলা
১২. চক্ষু

### আধুনিক ডায়গনষ্টিক সার্ভিস

১. কালার ডপলার
২. ইকোকার্ডিওগ্রাফি
৩. আল্ট্রাসনোগ্রাফি
৪. এন্ডোসকপি, ইআরসিপি, কলোনোস্কপি
৫. এক্সরে
৬. ই.সি.জি
৭. ইটিটি
৮. ইইজি
৯. ক্লিনিক্যাল প্যাথলজি
১০. বায়োকেমিষ্ট্রি
১১. মাইক্রোবায়োলজি
১২. হিষ্টোপ্যাথলজি
১৩. সাইটোপ্যাথলজি
১৪. সিটিজি
১৫. কলপোস্কপি

## দৃষ্টি আকর্ষণ

১) হাসপাতালের বহির্বিভাগ সকাল ৮.০০ টা থেকে রাত ৮.০০ টা পর্যন্ত খোলা থাকে এবং রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে।

২) বিভিন্ন বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসকদের সকাল বেলা ও বিকাল বেলা কনসালট্যান্সী সার্ভিস চালু আছে।

৩) অবস এন্ড গাইনী বিভাগে স্বল্প খরচে নরমাল ডেলিভারি, সিজারিয়ান অপারেশন, জরায়ু অপারেশন সহ সকল চিকিৎসা সেবার ব্যবস্থা রয়েছে।

৪) বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে ও স্বল্প খরচে আইসিইউ, সিসিইউ ও কিডনী ডায়ালাইসিস সার্ভিস চালু আছে।

৫) বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে অনকোলজি (ক্যানসার) রোগীদের চিকিৎসা সেবা চালু আছে।

৬) বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে ও অত্যাধুনিক যন্ত্রপাতি সমন্বয়ে ২৪ ঘন্টা ডায়াগনস্টিক সার্ভিস চালু আছে।

*Chattagram Maa-O-Shishu Hospital Bulletin* ● **April - June 2015**

**BOOK POST / PRINTED MATTERS**

To,

Postage

If undelivered please return to:
**Chattagram Maa-O-Shishu Hospital**
Agrabad, Chittagong, Bangladesh.
Phone : 880-31-718521 / 718525/711236/2520063, Fax : 880-31-2525409
E-mail : cmoshctg@gmail.com **Web Site : www.maa-shishu-ctg.org**

## Prof. Dr. Wazir Ahmed এর FRCP ডিগ্রী অর্জন



Prof. Dr. Wazir Ahmed

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ এর নবজাতক বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান Prof. Dr. Wazir Ahmed সম্প্রতি Royal College Of Physician and Surgeon (Glasgow, UK) কর্তৃক প্রদত্ত fellowship - FRCP ডিগ্রী অর্জন করেন। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটি ও মা ও শিশু হাসপাতাল পরিবারের পক্ষ থেকে তার এই বিশেষ কৃতিত্বের জন্য অভিনন্দন জানানো হয়। তার দক্ষ পরিচালনায় হাসপাতালের নিওনেটাল বিভাগ দেশের অন্যতম একটি সেরা নিওনেটাল বিভাগ হিসেবে পরিচিতি লাভ করেছে। এখানে উল্লেখ্য যে, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের নিওনেটাল বিভাগের প্রশিক্ষণ বাংলাদেশ কলেজ ফিজিশিয়ান এন্ড সার্জনস (বিসিপিএস) পার্ট-২ এর প্রশিক্ষণের জন্য স্বীকৃত ও অনুমোদিত। আমার তার উত্তরোত্তর সফলতা কামনা করছি।

---

## অনকোলজী ও রেডিওথেরাপী (ক্যান্সার) বিভাগ চালু



ডাঃ শেফাতুজ্জাহান

চট্টগ্রাম মা শিশু ও জেনারেল হাসপাতালে অনকোলজী ও রেডিওথেরাপী (ক্যান্সার) বিভাগ চালু করা হয়েছে। বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ শেফাতুজ্জাহান, এমবিবিএস, এফসিপিএস (রেডিওথেরাপী) উক্ত বিভাগে সকল প্রকার ক্যান্সার রোগীদের জন্য সুলভ মূল্যে চিকিৎসা সেবা প্রদান করবেন।

### চিকিৎসা সেবা সমূহঃ

- কেমোথেরাপী
- পেলিয়েটিভ কেয়ার
- ফুইড এসপিরেশন
- কেমোপোর্ট ইনসারশন ও কেয়ার
- ক্যান্সার স্ক্রিনিং (সনাক্তকরণ)

সংশ্লিষ্ট সকলকে এ ব্যাপারে হাসপাতালের অনকোলজী বহির্বিভাগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

---

## শিশু কিডনী রোগীদের চিকিৎসা সেবা চালু



ডা: কামাল হোসেন জুয়েল

চট্টগ্রাম মা শিশু ও জেনারেল হাসপাতালের শিশু কিডনী বিভাগের অধীনে ১০ (দশ) শয্যা বিশিষ্ট শিশু কিডনী ওয়ার্ড চালু আছে। এখানে বাচ্চাদের জটিল কিডনীরোগ যেমন- নেফ্রোটিক সিনড্রম, গ্লুথেরোলোনেফ্রাইটিস, প্রস্রাবের ইনফেকশন, কিডনী ফেইলিওর ও জন্মগত কিডনী রোগ-এর চিকিৎসার পাশাপাশি বিশেষায়িত চিকিৎসা যেমন- পেরিটনিয়াল ডায়ালাইসিস ও কিডনী বায়োপসি সম্পন্ন হচ্ছে। ডা: কামাল হোসেন জুয়েল, রেজিস্ট্রার, শিশু স্বাস্থ্য শিশু কিডনী রোগীদের চিকিৎসা সেবা প্রদান করছেন।

**EDITORIAL BOARD :**

- Chairman Editorial Board : **Dr. Anjuman Ara Islam** • Chief Editor : **S. M. Morshed Hossain**
- Executive Editor : **Nur Mohammed** • Editor : **Md. Rezaul Karim Azad**
- Printed by : **Pack & Robi Printers.** Mobile : 01718 371001